

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪১৫১

পর্ব-২০: শিকার ও যাবাহ প্রসঙ্গে (حتاب الصيد والذبائح)

পরিচ্ছেদঃ ৩. প্রথম অনুচ্ছেদ - 'আক্রীকার বর্ণনা

بَابُ الْعَقِيْقَةِ

### আরবী

وَعَنْ أَسْمَاءَ بِنْتِ أَبِي بَكْرٍ أَنَّهَا حَمَلَتْ بِعَبْدِ اللَّهِ بْنِ الزُّبَيْرِ بِمَكََّةَ قَالَتْ: فَوَلَدْتُ بِقُبَاءَ ثُمَّ أَتَيْتُ بِهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَوَضَعْتُهُ فِي حِجْرِهِ ثُمَّ دَعَا بِتَمْرَةٍ فَمَضَغَهَا ثُمَّ أَتَيْتُ بِهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَوَضَعْتُهُ فِي حِجْرِهِ ثُمَّ دَعَا بِتَمْرَةٍ فَمَضَغَهَا ثُمَّ تَقُلَ فِي فِيهِ ثُمَّ حَنَّكَهُ ثُمَّ دَعَا لَهُ وبرك عَلَيْهِ فَكَانَ أَوَّلَ مَوْلُودٍ وُلِدَ فِي الْإِسْلَامِ

#### বাংলা

8১৫১-[৩] আসমা বিনতু আবৃ বকর (রাঃ) হতে বর্ণিত যে, তিনি মক্কাতেই 'আবদুল্লাহ ইবনুয্ যুবায়রকে গর্ভে ধারণ করেন। তিনি আরো বলেন, কুবা অবস্থানকালেই তিনি ভূমিষ্ঠ হন। অতঃপর আমি তাকে নিয়ে রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর খিদমাতে এসে তার কোলে তুলে দিলাম। তিনি খেজুর চেয়ে নিলেন এবং তা চিবিয়ে তার (বাচ্চাটির) মুখে রাখলেন এবং তার তালুতে লাগালেন। অতঃপর তার জন্য বারাকাতের দু'আ করলেন, (মদীনায়) মুসলিমদের মধ্যে সে-ই প্রথম জন্মগ্রহণকারী শিশু। (বুখারী ও মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ৩৬৯৮, ৫১৫২; মুসলিম (২১৪৬)-২৬, মুসনাদে আহমাদ ২৬৯৩৮, আস্ সুনানুল কুবারা লিল বায়হাকী ১২৫০৮।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ মদীনায় হিজরতের পর মুহাজিরদের মধ্যে ইসলামের প্রথম নবজাতক সন্তান হলো, 'আবদুল্লাহ ইবনু যুবায়র (রাঃ) এবং আনসারদের মধ্যে হিজরতের পর প্রথম নবজাতক শিশু হলো নু'মান ইবনু বাশির আল আনসারী (রাঃ), তিনি 'আবদুল্লাহ ইবনুয্ যুবায়র (রাঃ)-এর জন্মের পূর্বে জন্মগ্রহণ করেছেন। (শারহুন নাবাবী ১৪শ খন্ড, হাঃ ২১৪৬/২৬)



### হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আসমা বিনতু আবূ বাকর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন